# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
সুনামগঞ্জ

## খোলা দরপত্র বিজ্ঞপ্তি নং-০৩/২০১৩-২০১৪

দি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ মোতাবেক ২০১৩-২০১৪ অর্থসালে সুনামগঞ্জ জেলা পুলিশের বিভিন্ন ইউনিটের পূর্ত মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়নের জন্য ঠিকাদার নিয়োগের লক্ষ্যে অনুরূপ কাজের অভিজ্ঞতাসম্পন্ন ঠিকাদার/নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে প্রতিযোগীতামূলক দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বাংলাদেশ পুলিশ। |
| ২ | দরপত্রের স্মারক নং ও তারিখ | ঃ | স্মারক নং-৪০৩৩/ই, তারিখঃ ২১/১০/২০১৩খ্রিঃ। |
| ৩ | সংগ্রাহক সত্তার নাম | ঃ | পুলিশ সুপার, সুনামগঞ্জ। |
| ৪ | সংগ্রাহক সত্তার ঠিকানা | ঃ | পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ। |
| ৫ | অর্থের উৎস | ঃ | পুলিশ হেডকোয়ার্টার্স, কোড নং-৩-২২১১-০০০১-৪৯৯১। |
| ৬ | দরপত্রের বিষয় | ঃ | পূর্ত মেরামত ও সংরক্ষণ। |
| ৭ | দরপত্রের পদ্ধতি | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)। |
| ৮ | দরপত্রদাতার যোগ্যতা | ঃ | ক) অনুরূপ কাজের অভিজ্ঞতা থাকতে হবে। স্ব-স্ব প্রতিষ্ঠানের অনুরূপ কাজের ব্যবসায়িক বৈধ এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স/ঠিকাদারী লাইসেন্স থাকতে হবে। খ) বৈধ আয়কর সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও নাগরিকত্বের সনদপত্র/জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। গ) পিপিআর/০৮ মোতাবেক সিডিউল বর্ণিত যাবতীয় শর্তাবলী পালন ও কাগজ/দলিলপত্রাদি দরপত্রের সঙ্গে দাখিল করার সক্ষমতা থাকতে হবে। ঘ) সিডিউল ক্রয়কালে উল্লেখিত কাগজপত্রাদি প্রদর্শন করতে হবে। অন্যান্য শর্তাবলী দরপত্র সিডিউলে বর্ণিত আছে। |
| ৯ | দরপত্র সিডিউল বিক্রির সর্বশেষ তারিখ ও সময় | ঃ | পত্রিকায় প্রকাশের তারিখ হতে ০৫/১১/২০১৩খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১০ | দরপত্র জমা প্রদানের সর্বশেষ তারিখ ও সময় | ঃ | ০৬/১১/২০১৩খ্রিঃ তারিখ বেলা ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত। |
| ১১ | দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ০৬/১১/২০১৩খ্রিঃ তারিখ বেলা ১২ঃ৩০ ঘটিকা। |
| ১২ | দরপত্র মূল্যায়নের তারিখ ও সময় | ঃ | ১১/১১/২০১৩খ্রিঃ তারিখ বেলা ১২ঃ৩০ ঘটিকা। |
| ১৩ | দরপত্র গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা | ঃ | পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ। |
| ১৪ | সিডিউল প্রাপ্তির স্থান | ঃ | (১) পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ। (২) ডিআইজি অফিস, সিলেট রেঞ্জ, সিলেট। |
| ১৫ | টেন্ডার সিকিউরিটি | ঃ | বিডি/পে-অর্ডার (বাংলাদেশ ব্যাংক অনুমোদিত যে কোন তফসিল ব্যাংক হতে) পুলিশ সুপার, সুনামগঞ্জ এর অনুকূলে দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে। |
| ১৬ | দরপত্র খোলার স্থান ও ঠিকানা | ঃ | পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ। (দরপত্রদাতা/প্রতিনিধিগণ উপস্থিত থাকতে পারবেন)। |
| ১৭ | দরপত্রের মেয়াদ | ঃ | ৩০/০৬/২০১৪খ্রিঃ। |
| ১৮ | কাজ আরম্ভের তারিখ | ঃ | কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে কাজ আরম্ভ করতে হবে এবং ৩১/০১/২০১৪খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই কাজ সম্পন্ন করতে হবে। |
| ১৯ | নির্বাচিত ঠিকাদারকে কার্য সম্পাদনের নিশ্চয়তা স্বরূপ নিরাপত্তা জামানত (Performance Security) | ঃ | কার্যাদেশে বর্ণিত টাকার উপর ১০% হারে পে-অর্ডার/বিডি আকারে "বাংলাদেশ ব্যাংক" অনুমোদিত যে কোন তফসিল ব্যাংক হতে পুলিশ সুপার, সুনামগঞ্জের অনুকূলে জমা দিয়ে কার্যাদেশ গ্রহণ করতে হবে। |

কাজের নাম ও বিবরণীঃ

| গ্রুপ নং | কাজের নাম | দরপত্র জামানত (ফেরতযোগ্য) | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | কার্য সম্পাদনের সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১ | সুনামগঞ্জ জেলার তাহিরপুর থানা ভবন এর সংস্কার ও বিশেষ মেরামত | ২,৫০০/- | ৪০০/- | ৪৫ দিন |
| ০২ | সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর থানা ভবন এর সংস্কার ও বিশেষ মেরামত | ১০,০০০/- | ৪০০/- | ৪৫ দিন |
| ০৩ | সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর থানা এএসআই কোয়ার্টার মেরামত | ২,৫০০/- | ৪০০/- | ৩০ দিন |
| ০৪ | সুনামগঞ্জ জেলার ইন-সার্ভিস ট্রেনিং সেন্টারের বিশেষ মেরামত | ১২,০০০/- | ৪০০/- | ৪৫ দিন |
| ০৫ | সুনামগঞ্জ জেলার অতিরিক্ত পুলিশ সুপারের বাসভবন (নিচতলা) এর বিশেষ মেরামত | ৫,০০০/- | ৪০০/- | ৪৫ দিন |
| ০৬ | সুনামগঞ্জ জেলার পুলিশ লাইন্সে এএসআই (সঃ) কোয়ার্টার (৬০০ বর্গফুট) এর মেরামত | ৩,০০০/- | ৪০০/- | ৩০ দিন |
| ০৭ | সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর থানা ভবন ও ব্যারাকের বিশেষ মেরামত | ১২,০০০/- | ৪০০/- | ৪৫ দিন |
| ০৮ | সুনামগঞ্জ জেলার মধ্যনগর থানা ভবন ও ব্যারাকের বিশেষ মেরামত | ৭,০০০/- | ৪০০/- | ৪৫ দিন |
| ০৯ | সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর থানার এএসআই এর বাসার মেরামত/সংস্কার | ৩,৫০০/- | ৪০০/- | ৩০ দিন |

২০ বিশেষ নির্দেশাবলীঃ

১। অনিবার্য কারণবশতঃ নির্ধারিত দিনে বা সময়ে দরপত্র দাখিল বা গ্রহণ বা খোলা সম্ভব না হলে দরপত্র আহবানকারী কর্তৃপক্ষ দরপত্র দাখিলের ও খোলার/গ্রহণের পুনঃ নির্ধারত তারিখ ও সময় স্থানীয় বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। দরপত্র খোলার তারিখে যদি কোন কারণে অফিস বন্ধ থাকে তা হলে পরবর্তী কার্যদিবসে যথাসময়ে দরপত্র খোলা হবে।

২। ব্যক্তি বা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী স্বাক্ষরযুক্ত প্যাডে পুলিশ সুপার, সুনামগঞ্জের বরাবরে আবেদনপূর্বক অফিস চলাকালীন সময় দরপত্র সংগ্রহ করা যাবে।

৩। সিডিউল ক্রয়কালে ০৮নং কলামে উল্লেখিত কাগজপত্রাদি প্রদর্শন করতে হবে। অন্যান্য শর্তাবলী দরপত্র সিডিউলে বর্ণিত আছে।

৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ কিংবা সকল দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

মোহাম্মদ নজরুল হোসেন
বিপি ৭০৯৮০১০০৪৪
পুলিশ সুপার, সুনামগঞ্জ
ফোনঃ ০৮৭১-৬২৬০৫, ফ্যাক্সঃ ৬১৪০৪
E-mail: spsunamgonj@police.gov.bd

জিডি-৩৯৩৩

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ ইকোনমিক গ্রোথ প্রোগ্রাম প্রকল্প
৫/এ, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০

স্মারক নংঃ বিইজিপি/এনপিডি/টেন্ডারে গাড়ি ভাড়াকরণ/১০/২০১৩-১৪/৩৮৮ তারিখঃ ২৩/১০/২০১৩ইং

## মাইক্রোবাস ও কার ভাড়া করার দরপত্র বিজ্ঞপ্তি

| | | |
|---|---|---|
| ০১। | মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয়। |
| ০২। | দফতর/সংস্থা | বাংলাদেশ ইকোনমিক গ্রোথ প্রোগ্রাম প্রকল্প। |
| ০৩। | ভাড়াকারী সংস্থার নাম ও ঠিকানা | প্রকল্প পরিচালকের দপ্তর, বাংলাদেশ ইকোনমিক গ্রোথ প্রোগ্রাম প্রকল্প, ৫/এ, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০। |
| ০৪। | দরপত্র আহ্বানের কারণ | প্রকল্পে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সরকারি কাজে ও অফিসে যাতায়াতের জন্য মাসিক ভাড়া চুক্তির ভিত্তিতে চালকসহ ১২ সিটের ০১টি মাইক্রোবাস ও ০২টি কার ভাড়াকরণ। |
| ০৫। | দরপত্র প্রকাশের তারিখ ও সূত্র | বিইজিপি/গাড়ি ভাড়াকরণ/১০/২০১৩-১৪/৩৮৬; তারিখঃ ২৩/১০/২০১৩ইং। |
| ০৬। | ভাড়া করার পদ্ধতি | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে। |
| ০৭। | অর্থের উৎস | জিওবি- উন্নয়ন বাজেট। |
| ০৮। | কি জন্য দরপত্র আহ্বান | প্রকল্প পরিচালকের দপ্তরের দাপ্তরিক কাজের জন্য চালক ও জ্বালানিসহ যাবতীয় ব্যয় ভাড়া গাড়ি সরবরাহকারী বহন করার শর্তে মাসিক ভাড়া চুক্তির ভিত্তিতে ৩০শে সেপ্টেম্বর ২০১৪ইং পর্যন্ত সিএনজি চালিত উন্নতমানের ০১টি মাইক্রোবাস ও ০২টি কার ভাড়া করার উদ্দেশ্যে। |
| ০৯। | কিভাবে মূল্য পরিশোধ করা হবে | প্রকল্প পরিচালক প্রদত্ত একাউন্টপেয়ী চেকের মাধ্যমে। |
| ১০। | সিডিউলের মূল্য | প্রতিটি সিডিউলের মূল্য ২০০০ (দুই হাজার) টাকা অফেরতযোগ্য। |
| ১১। | সিডিউল বিক্রির স্থান | বাংলাদেশ ইকোনমিক গ্রোথ প্রোগ্রাম প্রকল্প এর দপ্তর। |
| ১২। | সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময় | ২৪ নভেম্বর, ২০১৩ইং বিকাল ৪.০০ ঘটিকা। |
| ১৩। | দরপত্র দাখিলের স্থান, তারিখ ও শেষ সময় | প্রকল্প পরিচালকের দপ্তর ও দরপত্রে উল্লেখিত নির্ধারিত স্থানঃ ২৫ নভেম্বর, ২০১৩ইং দুপুর ১.০০ ঘটিকা। |
| ১৪। | দরপত্র খোলার তারিখ ও সময় | ২৫ নভেম্বর, ২০১৩ইং বিকাল ৪.০০ ঘটিকা। |
| ১৫। | দরপত্রের সাথে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে | দরপত্র সিডিউল অনুযায়ী। |
| ১৬। | দরপত্রদাতার যোগ্যতা | সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ একাধিক মাইক্রোবাস ও কারের মালিক, নিজস্ব গাড়ি রাখার গ্যারেজ ও আর্থিকভাবে সচ্ছল দরদাতা। |
| ১৭। | দরপত্র মূল্যায়ন পদ্ধতি | দরপত্র সিডিউলে বর্ণিত শর্তাবলি এবং পাবলিক প্রকিউরম্যান্ট রুল ২০০৮ অনুযায়ী মূল্যায়ন করা হবে। |
| ১৮। | জামানত | জাতীয় প্রকল্প পরিচালক, বিইজিপি এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি মাধ্যমে মোট প্রদত্ত মূল্যের ২% এর সমপরিমাণ টাকার ফেরতযোগ্য জামানত দিতে হবে। |
| ১৯। | অন্যান্য তথ্যাদি | কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত সকল/যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে। |

মুহম্মদ মাহফুজুর রহমান
জাতীয় প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোনঃ ০২-৯৫৮৯১৮৮

জিডি-৩৯৫৪

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
# Bangladesh Power Development Board

ব্যবস্থাপকের দপ্তর
দোহাজারী-কালিয়াইশ ১০০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র
বিউবো, সাতকানিয়া, চট্টগ্রাম
ই-মেইলঃ mandk100@yahoo.com

"বিদ্যুৎ সাশ্রয়ী বাতি ব্যবহার করুন"

স্মারক নং- দোকাবিকে/ব্যবস্থাপক/২৯/২০১৩/৪৩৫ তারিখঃ ১৩/১০/২০১৩ইং

## নিলাম বিজ্ঞপ্তি

দোহাজারী-কালিয়াইশ ১০০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্রের Waste Oil Sludge Pond ও ড্রাম-এ রক্ষিত ৪০,০০০ লিটার পরিত্যাক্ত বর্জ্য ফার্ণেস Oil Sludge নিলামের মাধ্যমে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত খামে খোলা দরপত্র আহ্বান করা যাইতেছে।

১। **দপ্তরের নামঃ** দোহাজারী-কালিয়াইশ ১০০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, সাতকানিয়া, চট্টগ্রাম।

২। **কাজের নামঃ** আনুমানিক ৪০,০০০ (চল্লিশ হাজার) লিটার পরিত্যাক্ত বর্জ্য ফার্ণেস অয়েল স্লাজ নিলামের মাধ্যমে বিক্রি, যাহা ক্রয়কারী প্রতিষ্ঠান নিজ ব্যবস্থাধীনে গ্রহণ করিতে বাধ্য থাকিবে।
**(ক) ঠিকাদারের যোগ্যতাঃ** ক্রয়কারীর হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ব্যাংক স্বচ্ছলতার সার্টিফিকেট ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ অধিদপ্তর হইতে পরিবেশগত ছাড়পত্র থাকিতে হইবে।

৩। **দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময়ঃ** ১০/১১/২০১৩ইং তারিখ।

৪। **দরপত্র দাখিল ও খোলার শেষ সময়ঃ** ১১/১১/২০১৩ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করা যাইবে এবং একই দিন দুপুর ১২.৩০ ঘটিকায় দরপত্র খোলা হইবে। দরপত্র খোলার সময় ঠিকাদার/ঠিকাদারের প্রতিনিধি উপস্থিত থাকিতে পারিবেন। কোন অনিবার্য কারণে উক্ত তারিখে দরপত্র খোলা না হইলে পরবর্তী কার্যদিবসে দরপত্র খোলা হইবে।

৫। **দরপত্রের মূল্যঃ** ১০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ডিডি আকারে উপ-পরিচালক (হিসাব), আহিদ, শিবিকে, বিউবো, চট্টগ্রাম এর অনুকূলে প্রদেয়।

৬। **বায়নার টাকার পরিমাণঃ** ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ডিডি আকারে উপ-পরিচালক (হিসাব), আহিদ, শিবিকে, বিউবো, চট্টগ্রাম এর অনুকূলে প্রদেয়, যাহা বিধিমতে ফেরতযোগ্য।

৭। **দরপত্র দলিলাদি বিক্রয় এর দপ্তরসমূহঃ**
(ক) প্রধান প্রকৌশলীর দপ্তর, চট্টগ্রাম বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, রাউজান, চট্টগ্রাম।
(খ) ব্যবস্থাপকের দপ্তর, দোহাজারী-কালিয়াইশ ১০০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, সাতকানিয়া, চট্টগ্রাম।
(গ) ব্যবস্থাপক, ইউসিবিএল ব্যাংক, দোহাজারী শাখা, দোহাজারী, চট্টগ্রাম (নিম্নস্বাক্ষরকারীর অনুমতি সাপেক্ষে)।

৮। **দরপত্র দাখিলের দপ্তরঃ** ব্যবস্থাপকের দপ্তর, দোহাজারী-কালিয়াইশ ১০০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, সাতকানিয়া, চট্টগ্রাম।

৯। **কাজের সংক্ষিপ্ত বিবরণঃ** আগ্রহী ঠিকাদারগণ অফিস চলাকালীন সময়ে দরপত্র দলিলের মালামাল সংশ্লিষ্ট দপ্তর হইতে দেখিতে পারিবেন।

| ক্রমিক নং | কাজের নাম | অবস্থান | দরপত্র ক্রয় মূল্য (টাকা) | নিরাপত্তা জামানতের পরিমাণ (টাকা) | সরবরাহ নেবার সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | আনুমানিক ৪০,০০০ (চল্লিশ হাজার) লিটার পরিত্যাক্ত বর্জ্য ফার্ণেস অয়েল স্লাজ নিলামের মাধ্যমে বিক্রি, যাহা ক্রয়কারী প্রতিষ্ঠান নিজ ব্যবস্থাধীনে গ্রহণ করিতে বাধ্য থাকিবে। | দোহাজারী-কালিয়াইশ ১০০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, সাতকানিয়া, চট্টগ্রাম। | ১০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য)। | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র (ফেরতযোগ্য)। | ৩০ (ত্রিশ) দিন | জামানতের টাকা যে কোন তফসিলি ব্যাংক হইতে পে-অর্ডার/ডিডি আকারে উপ-পরিচালক (হিসাব), আহিদ, শিবিকে, বিউবো, চট্টগ্রাম এর অনুকূলে প্রদেয়, যাহা বিধিমতে ফেরতযোগ্য। |

**দরপত্রের শর্তাবলীঃ** দরপত্রের সকল শর্তাবলী সিডিউলে বিস্তারিত বর্ণিত আছে।

ব্যবস্থাপক
দোহাজারী-কালিয়াইশ ১০০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র
বিউবো, সাতকানিয়া, চট্টগ্রাম

বিদ্যুৎ/জন-৪২৫(৪)/২১/১০/১৩
জিডি-৩৯২৯

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

প্রকৌশল
বিদ্যুৎ উপ-বিভাগ

## দরপত্র বিজ্ঞপ্তি

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয় | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | |
| ২ | এজেন্সী | চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | |
| ৩ | সংগ্রহকারী সংস্থার নাম | প্রকৌশল, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | |
| ৪ | দরপত্র আহ্বানের সূত্র ও তারিখ | প্রযোজ্য নহে। | |
| **প্রয়োজনীয় তথ্যবলী** | | | |
| ৫ | সংগ্রহের পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ও,টি,এম)। | |
| **যোগানদাতার বিবরন** | | | |
| ৬ | বাজেট ও অর্থের উৎস | | |
| **বিস্তারিত বিবরণ** | | | |
| ৭ | টেন্ডার প্যাকেজ নং | ১। | |
| ৮ | টেন্ডার প্রকাশের তারিখ | তারিখঃ- ২২/১০/২০১৩ইং। | |
| ৯ | টেন্ডার ডকুমেন্ট বিক্রয়ের শেষ তারিখ | তারিখঃ ২৯/১০/২০১৩ইং। | |
| ১০ | টেন্ডার গ্রহণের শেষ সময় ও তারিখ | তারিখঃ ৩০/১০/২০১৩ইং | সময়ঃ ১২-০০ ঘটিকা। |
| ১১ | টেন্ডার খোলার তারিখ ও সময় | তারিখঃ ৩০/১০/২০১৩ইং | সময়ঃ ১২-৩০ ঘটিকা। |
| ১২ | টেন্ডার সিডিউল বিক্রয়ের অফিসের ঠিকানা | প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), চসিক এর অফিসে বিক্রয় হইবে। | |
| | টেন্ডার ডকুমেন্ট গ্রহণ | প্রধান প্রকৌশলী, চসিক অফিসে গ্রহণ করা হবে। | |
| | টেন্ডার খোলার অফিসের ঠিকানা | প্রধান প্রকৌশলীর দপ্তর, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | |
| **দরপত্রদাতার তথ্যবলী** | | | |
| ১৩ | দরপত্রদাতার যোগ্যতা | ক) ট্রেড লাইসেন্স ও সদ্য তালিকাভুক্তি নবায়নের সনদ, আর্থিক সচ্ছলতা, আয়কর, ভ্যাট ও অভিজ্ঞতার সনদ ও ঠিকাদারের নিজ প্রতিষ্ঠানের নামে বৈদ্যুতিক এবিসি লাইসেন্স ও সুপারভাইজারিং লাইসেন্স দরপত্রের সাথে দাখিল করিতে হইবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উন্নয়ন প্রকল্পে নিয়োজিত যে সমস্ত ঠিকাদার বিগত ও চলতি বছরের প্রকল্প নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পর এখনও অসমাপ্ত অবস্থায় ফেলিয়া রাখেন তাহারা দরপত্র সিডিউল গ্রহণ অযোগ্য এবং গ্রহণের পর পরবর্তীতে উৎগাটন হইলে তাদের দরপত্র আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে। কোন কালো তালিকাভুক্ত ঠিকাদার ও ব্যাংক হইতে দেউলিয়া ঘোষিত এমন দরদাতা অংশগ্রহণ করিতে পারিবে না। | |
| ১৪ | কাজের বিস্তারিত বিবরণ | সিডিউলে বর্ণনামতে। | |
| | টেন্ডার ডকুমেন্টের মূল্য নির্ধারণ | প্রতি সেট টেন্ডার সিডিউল মূল্য ৫০০/- টাকা হিসাবে (অফেরতযোগ্য)। | |
| ১৫ | টেন্ডার ডকুমেন্টের মূল্য ও ধরণ | মেয়র, চসিক, অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদানপূর্বক দরপত্র সিডিউল ক্রয় করিতে হইবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র প্রকাশের পরের তারিখের হইতে হবে। | |

**কাজের বিবরণ**

| | টেন্ডার প্যাঃ নং | কাজের নাম | কাজের স্থান | নিরাপত্তা জামানতের পরিমাণ | কাজ সম্পন্ন করার সময় |
|---|---|---|---|---|---|
| ১৬ | ০২। | আগ্রাবাদ বেপারী পাড়া মার্কেটের ৪র্থ তলায় সিটি কর্পোরেশনের কমার্স কলেজের বৈদ্যুতিক ওয়্যারিং কাজ। | কর্পোরেশন এলাকা | ১২,৫০০/- | ঐ |

**দরপত্র আহ্বানকারী কর্মকর্তা**

| | | |
|---|---|---|
| ১৭ | দরপত্র আহ্বানকারী অফিসারের নাম | মোঃ মোখতার আলম। |
| ১৮ | দরপত্র আহ্বানকারী অফিসারের পদবী | প্রধান প্রকৌশলী। |
| ১৯ | দরপত্র আহ্বানকারী অফিসারের ঠিকানা | প্রকৌশল বিভাগ-চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |
| ২০ | দরপত্র আহ্বানকারী অফিসারের ফোন ও ফ্যাক্স নং | ফোন নং-৬৩৩৪৮৬। |

২১ মন্তব্য

ক) দি পাবলিক প্রকিউরম্যান্ট রেগুলেশন অনুযায়ী যাবতীয় যোগ্যতার সনদসহ দরপত্র সিডিউলের জন্য আবেদন করিতে হইবে।
খ) সংগ্রহকারী সংস্থা যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
গ) দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক অনুমোদন পাওয়ার পর নোটিশ অব এওয়ার্ড প্রদান করা হবে।
ঘ) দরপত্রের সকল শর্তাবলী সিডিউলে বিস্তারিত বর্ণিত আছে।
ঙ) দরপত্রের সকল তথ্যাবলী প্রকৌশল বিদ্যুৎ শাখা হইতে সংগ্রহ করা যাইবে।
চ) দরপত্রে পুনঃ লিখন/কাটাকাটি বা অসম্পূর্ণ পূরণকৃত কোন বি ও কিউ গ্রহণযোগ্য হইবে না।
ছ) ৫% এর অধিক নিম্নদর বা উর্ধ্ব দর দাখিল করা হইলে কর্তৃপক্ষ পরবর্তীতে দর বিশ্লেষণ আহ্বান করিতে পারিবে।

প্রধান প্রকৌশলী
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চসিক/জস-২২৪/২০১৩
GD-3940

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম-৪০০০
## মহিলা ও পুরুষ ক্যাডেট ভর্তি

মেরিন ফিশারিজ একাডেমিতে ৩৫তম ব্যাচে (২০১৩-১৪ শিক্ষাবর্ষ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে তিন বছর মেয়াদী বিএসসি (পাস) নটিক্যাল/মেরিন ইঞ্জিনিয়ারিং/মেরিন ফিশারিজ কোর্সের নির্বাচনী লিখিত পরীক্ষা পূর্ব নির্ধারিত **২৫ অক্টোবর ২০১৩ ইং এর পরিবর্তে আগামী ২২ নভেম্বর ২০১৩ইং রোজ শুক্রবার** ০৯০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। বর্ণিত কোর্সসমূহে ক্যাডেট ভর্তির জন্য বাংলাদেশের যোগ্য স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তিচ্ছু প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতাসমূহ থাকতে হবে ঃ

ক) **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) ঃ**
**নটিক্যাল এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগঃ**
১। মাধ্যমিক (বিজ্ঞান) বা ও লেভেল (গণিত ও পদার্থবিদ্যাসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০।
২। উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা এ লেভেল (গণিত ও পদার্থবিদ্যাসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০।
৩। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় অবশ্যই গণিত ('সি' গ্রেড) থাকতে হবে।
**মেরিন ফিশারিজ বিভাগ ঃ**
১। মাধ্যমিক (বিজ্ঞান) বা ও লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ ।
২। উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা এ লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ ।
৩। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় অবশ্যই জীববিদ্যা ('সি' গ্রেড) থাকতে হবে।

খ) **বয়স ঃ** ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে সর্বোচ্চ ২১ বৎসর।

গ) **শারীরিক মান (ন্যূনতম) ঃ** উত্তম শারীরিক গঠন ও সুস্বাস্থ্য। **সর্বনিম্ন উচ্চতা ঃ** ১৬২.৫ সে.মি (পুরুষ) এবং ১৫৫ সে.মি (মহিলা)। **ওজনঃ** উচ্চতা অনুযায়ী হবে।
**দৃষ্টিশক্তিঃ** নটিক্যাল ও মেরিন ফিশারিজ বিভাগঃ ৬/৬, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগঃ ৬/১২, **কালার ভিশনঃ** স্বাভাবিক ।

ঘ) **সাঁতার ঃ** সাঁতার পরীক্ষায় উত্তীর্ণ।

ঙ) **সাধারণঃ** বাংলাদেশের নাগরিক। **নটিক্যাল ঃ** অবিবাহিত পুরুষ এবং **মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারিজ বিভাগঃ** অবিবাহিত মহিলা ও পুরুষ ।

চ) **আবেদন ফি ঃ** ৬৫০.০০ টাকা (আবেদন ফি ভ্যাটসহ দেওয়া হয়েছে এবং SMS করে আবেদন করে ফেলার পর তা প্রত্যাহার করা যাবে না)।

**মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়াঃ**

১) একটি **টেলিটক প্রিপেইড মোবাইল** ফোনের মেসেজ অপশনে গিয়ে MFA লিখে, স্পেস দিয়ে শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে (SYL/BAR/ CHI/COM / DHA/ DIN/JEX/MAD/RAJ/TEC/VOC/GCE - এ লেভেলের ক্ষেত্রে), স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে যে কেন্দ্রে পরীক্ষা দিতে আগ্রহী তার প্রথম তিনটি অক্ষর দিয়ে (০২টি কেন্দ্র থাকবে- DHA- বি এন কলেজ, লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা, CHI- বি এন কলেজ, চট্টগ্রাম,) **16222** নম্বরে SMS করতে হবে। উদাহরণঃ

**MFA<space>DHA (Board Name)<space>123456 (HSC Roll No)<space>2013(Passed Year)<space>DHA(Center)।**

২) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন **16222** নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে MFA লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য তার নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর) একটি মোবাইল নম্বর লিখে **16222** নম্বরে SMS করতে হবে। সম্মতি জানিয়ে SMS পাঠালে আবেদনকারীর মোবাইল ফোন থেকে আবেদন ফি কেটে নেয়া হবে (পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে), অন্যথায় কোন ফি কাটা হবে না। আবেদন ফি কেটে নিয়ে ফিরতি SMS এর মাধ্যমে লিখিত পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে।

**উদাহরণ ঃ MFA<space>YES<space>654321(PIN)<space>01xxxxxxxxxx।**

**আবেদনের শেষ তারিখ ঃ ১৬ নভেম্বর ২০১৩ ইং**

**১। ভর্তি পরীক্ষার নিয়মাবলী ঃ**
ইংরেজী ও সাধারণ জ্ঞান, পদার্থবিদ্যা এবং রসায়ন এই তিনটি বিষয়ের প্রতিটিতে 